# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৪৫: আল্লাহ ছাড়া অন্য কারো কাছে আশ্রয় চাওয়ার হুকুম কি?

আল্লাহ ছাড়া অন্য কারো কাছে আশ্রয় চাওয়া শির্ক। মহান আল্লাহ বলেন,

﴿ وَأَنَّهُۥ كَانَ رِجَالٞ مِّنَ ٱلۡإِنسِ يَعُوذُونَ بِرِجَالٖ مِّنَ ٱلۡجِنِّ فَزَادُوهُمۡ رَهَقٗا ٦ ﴾ [الجن: ٦]

“কিছু মানুষ কতিপয় জিনের আশ্রয় নিত। ফলে জিনেরা মানুষদের ভয়-ভীতি বাড়িয়ে দিত” (জিন ৬)। কেননা আশ্রয় প্রার্থনা করা ইবাদত। আর ইবাদত একমাত্র আল্লাহ্‌র উদ্দেশ্যেই হতে হবে। মহান আল্লাহ বলেন,

﴿وَإِمَّا يَنزَغَنَّكَ مِنَ ٱلشَّيۡطَٰنِ نَزۡغٞ فَٱسۡتَعِذۡ بِٱللَّهِۚ إِنَّهُۥ سَمِيعٌ عَلِيمٌ ٢٠٠﴾ [الاعراف: ٢٠٠]

“যদি শয়তানের পক্ষ থেকে আপনি কিছু কুমন্ত্রণা অনুভব করেন, তাহলে আল্লাহ্‌র নিকট আশ্রয় প্রার্থনা করুন। নিশ্চয় তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ” (ফুছছালাত ৩৬)।

তবে জীবিত এবং উপস্থিত ব্যক্তির কাছে সে যে বিষয়ে ক্ষমতা রাখে, সে বিষয়ে আশ্রয় চাওয়া যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1530

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন